# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

ফ্যাকাল্টি অব জেনারেল স্টাডিজ (এফজিএস)

১৪/৬ - ১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা- ১২১৬

ফোন - +৮৮-০৯৬৬৬-৩১৫৫০০, ফ্যাক্স - +৮৮-০২-৫৮০৫১০১০

ই-মেইল: deanoffice.fgs@bsmrmu.edu.bd, ওয়েব: www.bsmrmu.edu.bd


## খন্ডকালীন শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

১। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ -এর সেপ্টেম্বর ২০২৪ সেমিস্টারের বিভিন্ন অনার্স প্রোগ্রামের খন্ডকালীন শিক্ষক নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে আগামী ২২ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে জীবন বৃত্তান্ত সহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

২। **বিষয়সমূহঃ**

1. Bangladesh Studies (HUM 1202) — ক্রেডিট-২.০০ (ঘন্টা-২৮)
2. বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (HUM 1203, HUM 1209) — ক্রেডিট-২.০০ (ঘন্টা-২৮)

৩। **শিক্ষাগত যোগ্যতাঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রী। পিএইচডি/এমফিল/সমমান ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। এসএসসি হইতে স্নাতকোত্তর ডিগ্রী পর্যন্ত নূন্যতম ০৩ টি প্রথম শ্রেণী/বিভাগ/সমমান গ্রেড থাকিতে হইবে। শিক্ষার কোন স্তরে ৩য় শ্রেণী/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না।

৪। **অভিজ্ঞতাঃ**

ক। পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মরত সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং অধ্যাপকগণ নিজ প্রতিষ্ঠানে যে পদে কর্মরত আছেন বা ছিলেন এই বিশ্ববিদ্যালয়েও সেই পদেই নিযুক্ত হইবেন।

খ। স্বীকৃত বেসরকারী বিশ্ববিদ্যালয় এবং স্নাতকোত্তর পর্যায়ে পাঠদানকারী প্রতিষ্ঠানের শিক্ষকগণের ক্ষেত্রে নুন্যতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহকারী অধ্যাপক, নুন্যতম ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহযোগী অধ্যাপক এবং নুন্যতম ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে অধ্যাপক পদমর্যাদায় খন্ডকালীন শিক্ষক নিয়োগের জন্য বিবেচিত হইবেন।

গ। নিয়োগকালে প্রার্থীর কর্মরত প্রতিষ্ঠানের (প্রযোজ্য ক্ষেত্রে) অনুমতি/ছাড়পত্র থাকিতে হইবে।

৫। নিয়োগের ক্ষেত্রে প্রকাশনাধারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

৬। কোর্স পরিচালনার ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুসরণ করিতে হইবে।

৭। একটি সেমিস্টারে একটি কোর্স প্রদানের জন্য খন্ডকালীন শিক্ষক হিসাবে নিয়োজিত শিক্ষকগণকে নিম্নরূপভাবে সম্মানী প্রদান করা হইবেঃ

| ক্রঃ নং | পদবী | সম্মানী (প্রতি কন্ট্যাক্ট আওয়ার হিসেবে) | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক | ২,১০০.০০ | সকল সম্মানী উৎসে আয়কর কর্তনযোগ্য। বিধি মোতাবেক অন্যান্য পারিতোষিক প্রাপ্য হবেন। |
| ২। | সহযোগী অধ্যাপক | ২,০০০.০০ | |
| ৩। | সহকারী অধ্যাপক | ১,৮০০.০০ | |
| ৪। | লেকচারার | ১,৬০০.০০ | |

**বিশেষ দ্রষ্টব্যঃ** আগ্রহী প্রার্থীগণ ০২ সেট আবেদন পত্রের ০১ সেট রেজিস্ট্রার অফিস বরাবর এবং ০১ সেট অত্র বিশ্ববিদ্যালয়ের ডিন অফিস, ফ্যাকাল্টি অব জেনারেল স্টাডিজ বরাবর প্রেরণ করবেন।